

🔳 আন-নামাল | An-Naml | ٱلنَّمْل

আয়াতঃ ২৭:১

আরবি মূল আয়াত:

طس قِلكَ أيتُ القُرانِ وَ كِتَابٍ مُّبِينٍ ﴿ ﴾

🗚 অনুবাদসমূহ:

ত্ব-সীন; এগুলো আল-কুরআন ও সুস্পষ্ট কিতাবের আয়াত। — আল-বায়ান

তা-সীন, এগুলো কুরআনের আয়াত ও সুস্পষ্ট কিতাবের; — তাইসিকল

তা সীন; এগুলি আয়াত আল-কুরআনের এবং সুস্পষ্ট কিতাবের। — মুজিবুর রহমান

Ta, Seen. These are the verses of the Qur'an and a clear ${\sf Book}-{\sf Sahih}$ International

- ১. ত্বা-সীন; এগুলো আল-কুরআন এবং সুস্পষ্ট কিতাবের আয়াত(১);
 - (১) "সুস্পষ্ট কিতাবের" একটি অর্থ হচ্ছে, এ কিতাবটি নিজের শিক্ষা, বিধান ও নিদের্শগুলো একেবারে দ্যর্থহীন পদ্ধতিতে বর্ণনা করে দেয়। এর দ্বিতীয় অর্থ হচ্ছে, এটি যে আল্লাহর কিতাব সে ব্যাপারটি সুস্পষ্ট। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(১) ত্ব-সীন; এগুলি কুরআন ও সুস্পষ্ট গ্রন্থের বাক্য;

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3160

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন